

## 📖 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৩১) নামায এবং যাকাত ফরজ হওয়ার দলীল কী?

নামায ও যাকাত ফরজ হওয়ার দলীলগুলো সকলের নিকট অতি সুস্পষ্ট। এগুলো বর্ণনা করে শেষ করা যাবে না। এখানে সংক্ষেপে কয়েকটি দলীল উল্লেখ করা হল। আল্লাহ তা'আলা বলেনঃ

فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ

“তারা যদি তাওবা করে, নামায কায়েম করে এবং যাকাত প্রদান করে, তবে তাদের পথ ছেড়ে দাও”। (সূরা তাওবাঃ ৫) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخِوَانُكُمْ فِي الدِّينِ

“অবশ্য তারা যদি তাওবা করে, নামায কায়েম করে এবং যাকাত প্রদান করে, তবে তারা তোমাদের দ্বীনি ভাই। (সূরা তাওবাঃ ১১) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ الْقَيِّمَةِ

“তাদেরকে এ ছাড়া কোন নির্দেশ করা হয়নি যে, তারা খাঁটি মনে একনিষ্ঠভাবে আল্লাহর ইবাদত করবে, নামায কায়েম করবে এবং যাকাত দেবে। বস্তুতঃ এটাই হচ্ছে সুদৃঢ় দ্বীন”।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=2053>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন